



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং পসব্য/প্রকা/হিসাব-১৮/২০১৭-১৮/২১৬৩

তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রি.

উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ও
শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক।
সকল শাখা।

বিষয় : ব্যাংক শাখার সিবিএস-এর সোনালী ব্যাংক স্থিতির সাথে সোনালী ব্যাংকে পরিচালিত পল্লী সঞ্চয় ব্যাংকের
হিসাব স্থিতির মিলকরণ (রিকনসিলেশন) প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। শাখাসমূহ থেকে প্রাপ্ত অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন যাচাই করে ৩১.১২.১৭ পর্যন্ত অনলাইন ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ২৭৯টি শাখার মধ্যে ১৫৯টি শাখায় সোনালী ব্যাংক স্থিতির সাথে ব্যাংকের সিবিএস-এর সোনালী ব্যাংক স্থিতির গড়মিল/পার্থক্য পরিলক্ষিত হয়েছে। এতে প্রমাণিত হয় যে, প্রধান কার্যালয়ের গত ০৪.১২.১৭ তারিখের পত্র নং- পসব্য/প্রকা/পরি-০৯/২০১৭-১৮/১২৭৭ মূলে প্রদত্ত নির্দেশনা মোতাবেক প্রতিদিন ব্যাংক হিসাব মিলানো হয়না যা অনভিপ্রেত ও আশংকাজনক।

এমতাবস্থায়, যে সকল শাখায় ৩১.১২.১৭তারিখ ভিত্তিক ব্যাংক হিসাব স্থিতির গড়মিল আছে কিন্তু এখনও মিলকরণ করা হয়নি সে সকল শাখাসহ অনলাইন ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী সকল শাখাকে সোনালী ব্যাংকে পরিচালিত ব্যাংক হিসাব স্থিতি আগামী ৩১.০৫.১৮ তারিখের মধ্যে মিলাতে হবে এবং সঠিক হিসাব নিশ্চিত করতে হবে।

০৩। “৩১.০৫.১৮ তারিখ ভিত্তিক ব্যাংক শাখার সিবিএস-এর সোনালী ব্যাংক স্থিতির সাথে সোনালী ব্যাংকে পরিচালিত পল্লী সঞ্চয় ব্যাংকের হিসাব স্থিতি মিলানো হয়েছে এবং নির্ভুল ও সঠিক আছে”-মর্মে শাখা ব্যবস্থাপক এবং কম্পিউটার অপারেটর-এর যৌথ স্বাক্ষরে একটি প্রত্যয়ন পত্র ০১.০৬.১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ই-মেইল নং-headoffice@pallisanchaybank.gov.bd - তে প্রেরণ করতে হবে। হিসাব মিলকরণ বিষয়ে জনাব মোঃ এনামুল হক, সহকারী মহাব্যবস্থাপক (মোবা নং-০১৯৭১৯৪৮৬৪৬) এবং জনাব এস এম ফারুক, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (মোবা নং-০১৭৪৩৯১৭৯৩৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মইনুত উল্লাহ)

উপ-ব্যবস্থাপনা পরিচালক